

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৮৮৪

১৩/ কিতাবুল ফারাইয (کتاب الفرائض)

পরিচ্ছেদঃ ১২৫. দাদীর অংশ সম্পর্কে।

باب فِي الْجَدَّةِ

### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكَ، عَنِ ابْنِ شِهَابِ، عَنْ عُثْمَانَ بْنِ إِسْحَاقَ بْنِ خَرَشَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ ذُوَيْبِ، أَنَّهُ قَالَ جَاءَتِ الْجَدَّةُ إِلَى أَبِي بَكْرِ الصِدِّيقِ تَسْأَلُهُ مِيرَاثَهَا فَقَالَ مَا لَكِ فِي سُنَّةِ نَبِي اللَّهِ صلى الله عليه وسلم شَيْئًا فَي كِتَابِ اللَّهِ تَعَالَى شَيْءٌ وَمَا عَلِمْتُ لَكِ فِي سُنَّةِ نَبِي اللَّهِ صلى الله عليه وسلم شَيْئًا فَارْجِعِي حَتَّى أَسْأَلَ النَّاسَ . فَسَأَلَ النَّاسَ فَقَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ حَضَرْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَعْطَاهَا السُّدُسَ . فَقَالَ أَبُو بَكْرٍ هَلْ مَعَكَ غَيْرُكَ فَقَامَ مُحَمَّدُ بْنُ صلى الله عليه وسلم أَعْطَاهَا السُّدُسَ . فَقَالَ أَبُو بَكْرٍ هَلْ مَعَكَ غَيْرُكَ فَقَامَ مُحَمَّدُ بْنُ مَسْلَمَةَ فَقَالَ مِثْلَ مَا قَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَأَنْفَذَهُ لَهَا أَبُو بَكْرٍ ثُمَّ جَاءَتِ الْجَدَّةُ الأُخْرَى مَسْلَمَةَ فَقَالَ مِثْلَ مَا قَالَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَأَنْفَذَهُ لَهَا أَبُو بَكْرٍ ثُمَّ جَاءَتِ الْجَدَّةُ الأُخْرَى إِلَى عُمْرَ بْنِ الْخَطَّابِ رضى الله عنه تَسْأَلُهُ مِيرَاثَهَا فَقَالَ مَا لَكِ فِي كِتَابِ اللَّهِ تَعَالَى شَيْءٌ وَمَا كَانَ الْقَضَاءُ الَّذِي قُضِيَ بِهِ إِلاَّ لِغَيْرِكِ وَمَا أَنَا بِزَائِدِ فِي الْفَرَائِضِ وَلَكِنْ هُو ثَلِكَ السُّدُسُ فَإِنِ اجْتَمَعْتُما فِيهِ فَهُو بَيْنَكُما وَأَيْتُكُمَا خَلَتْ بِهِ فَهُو لَهَا .

#### বাংলা

২৮৮৪. আল- কা'নবী (রহঃ) ..... কাবীসা ইবন যুওয়ায়ব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ জনৈক মৃত ব্যক্তির দাদী আবু বকর সিদ্দীক (রাঃ) এর নিকট উপস্থিত হয়ে তার মীরাছ (প্রাপ্য অংশ) দাবি করে। তখন তিনি বলেনঃ আল্লাহর কিতাবে তোমার কোন অংশের কথা উল্লেখ করেননি এবং আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সুন্নাত হতে তোমার ব্যাপারে কোন কিছু অবহিত নই। অতএব এখন তুমি ফিরে যাও, এ সম্পর্কে আমি লোকদের কাছে জিজ্ঞাসা করব।

তখন মুগীরা ইবন শু'বা (রাঃ) বলেনঃ আমি তখন রাসূল্ল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম, যখন তিনি দাদীকে এক-ষষ্ঠমাংশ প্রদান করেন। তখন আবৃ বকর (রাঃ) জিজ্ঞাসা করেনঃ এ সময় তোমার সঙ্গে আর কেউ ছিল কি? তখন মুহাম্মদ ইবন মাসলামা (রাঃ) দন্ডায়মান হন এবং ঐরপ বলেন, যেরূপ মুগীরা ইবন শু'বা (রাঃ) বলেন। তখন আবু বকর (রাঃ) তার জন্য এক-ষষ্ঠমাংশ প্রদান করেন।



অতঃপর অন্য এক মৃত ব্যক্তির দাদী (বা নানী) 'উমার ইবন খাত্তাব (রাঃ) এর নিকট (তাঁর খিলাফতকালে) উপস্থিত হয়ে মীরাছ দাবি করে। তখন তিনি বলেনঃ আল্লাহর কিতাবে তো তোমার কোন অংশের কথা উল্লেখ নেই, তবে ইতপূর্বে তুমি ব্যতীত অন্যদের ব্যাপারে যে সিদ্ধান্ত হয়েছে (অর্থাৎ এক-ষষ্ঠমাংশ), আর যেহেতু ফারাইযের ব্যাপারে আমার পক্ষে বাড়াবাড়ি করাও সম্ভব নয়, কাজেই ঐ এক-ষষ্ঠমাংশ তুমি নিয়ে যাও। আর যদি নানী ও দাদী উভয়ই একত্রে জীবিত থাকে, তবে ঐ এক-ষষ্ঠমাংশ তোমাদের দুজনের জন্য। আর তোমাদের একজন যদি হও, তবে সে ঐ অংশ পাবে।

## **English**

## Narrated Qabisah ibn Dhuwayb:

A grandmother came to AbuBakr asking him for her share of inheritance. He said: There is nothing prescribed for you in Allah's Book, nor do I know anything for you in the Sunnah of the Prophet of Allah () Go home till I question the people. He then questioned the people, and al-Mughirah ibn Shu'bah said: I had been present with the Messenger of Allah () when he gave grandmother a sixth. AbuBakr said: Is there anyone with you? Muhammad ibn Maslamah stood and said the same as al-Mughirah ibn Shu'bah had said. So AbuBakr made it apply to her. Another grandmother came to Umar ibn al-Khattab asking him for her share of inheritance. He said: Nothing has been prescribed for you in Allah's Book. The decision made before you was made for a grandmother other than you. I am not going to add in the shares of inheritance; but it is that sixth. If there are two of you, it is shared between you, but whichever of you is the only one left gets it all.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ কাবীসা ইবন যুআয়ব (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন